

জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

স্মারক নং-০৭(ঢ-৬৭৮)জাতীয়বিঃ/কঃপঃ/২০০২/১০৬

তারিখ : ৬/১/০৬

প্রেরক : কলেজ পরিদর্শক,
জাতীয় বিশ্ববিদ্যালয়,
গাজীপুর।

প্রাপক : অধ্যক্ষ,
হাজী মিছির আলী কলেজ,
দেলপাড়া, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ


বিষয় : ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে ডিগ্রী (পাস) কোর্সে অধিভুক্তি প্রদানে।

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অধিভুক্তি কমিটি একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে আপনার কলেজে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে নিম্নলিখিত কোর্স ও বিষয়ে শর্তাধীনে পরীক্ষামূলকভাবে কেবলমাত্র এক বছরের জন্য প্রথম অধিভুক্তি প্রদান করা হলো।

বি.এ (পাস) : বাংলা, ইংরেজী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং গার্হস্থ্য অর্থনীতি।
বি.এস.এস (পাস) : রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি ও সমাজকল্যাণ।
বি.কম (পাস) : হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা ও মার্কেটিং।

শর্তাবলী :

- ১। ডিগ্রী কোর্সে অধিভুক্তি লাভের সঙ্গে সঙ্গেই উচ্চ মাধ্যমিক কলেজ হিসেবে গঠিত গভর্নিং বডি অকার্যকর হয়ে যাবে বিধায় কলেজ পরিচালনার ব্যাপারে নিয়মিত গভর্নিং বডি গঠনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে ৬(ছয়) মাস মেয়াদী একটি অস্থায়ী (এডহক) গভর্নিং বডি অপরিহার্য। এডহক/গভর্নিং বডিতে অধিভুক্তির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনয়ন দানের উদ্দেশ্যে সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্যের জন্য পৃথক পৃথক ভাবে ৩-৩ = ৬(ছয়) জন উচ্চ শিক্ষিত ব্যক্তির (ক) নাম + ঠিকানা (খ) বয়স (গ) শিক্ষাপত্র যোগাড়া (ঘ) বর্তমান পেশা (ঙ) সামাজিক কর্মকাণ্ড/শিক্ষা বিস্তারে অবদান উল্লেখ করে কার্যরত পরিচালনা পরিষদের সভাপতির প্রতিনিধিত্ব করে কলেজের অধ্যক্ষ বিশ্ববিদ্যালয়ে প্রস্তাব পেশ করবেন।
- ২। কলেজ ক্যাম্পাসে জমির পরিমাণ বৃদ্ধি করতে হবে।
- ৩। কলেজ লাইব্রেরীতে বিষয়ভিত্তিক পুস্তক সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ৪। কলেজের ফলাফল ভাল করার জন্য টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা চালু করতে হবে।
- ৫। কলেজের চূড়ান্ত পরীক্ষা নিজ কলেজে অনুষ্ঠিত হবে না। পরীক্ষাকেন্দ্র পরিবর্তনের মাধ্যমে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ৬। আগামী একবছরের মধ্যে কলেজে কম্পিউটার সংযোজন এবং তা পরিচালনার জন্য যোগ্যতা-সম্পন্ন অপারেটর নিয়োগ করতে হবে।
- ৭। বি.এ, বি.এস.এস ও বি.কম কোর্সের ১ম বর্ষে যথাক্রমে ন্যূনতম ৩০, ৩০ ও ২৫ জন করে ছাত্র/ছাত্রী অধ্যয়নরত থাকতে হবে। অন্যথায় কলেজের স্নাতক পর্যায়ে সংশ্লিষ্ট কোর্সের আবশ্যিকতা প্রতীয়মান হবে না বিধায় সংশ্লিষ্ট কোর্সের অধিভুক্তি স্থগিত করা হবে এবং নতুন কোর্স/বিষয়ের অধিভুক্তির আবেদন বিবেচনা করা হবে না।
- ৮। ইংরেজী ব্যতীত অন্যান্য বিষয়ে যে সকল শিক্ষকের স্নাতক ও মাস্টার্স পর্যায়ে তৃতীয় শ্রেণী আছে সে সকল শিক্ষককে ডিগ্রী পর্যায়ে ক্লাস নেওয়া থেকে বিরত রাখতে হবে।
- ৯। কলেজের মাঠ ভরাট করতে হবে।
- ১০। কলেজ ক্যাম্পাসে বৃক্ষ রোপন করে তা রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ১১। উপর্যুক্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা না হলে ২০০৩-২০০৪ সেশনে কলেজের অধিভুক্তি নবায়ন বিবেচনা করা হবে না এবং ২০০৩-২০০৪ সেশনে ডিগ্রী কোর্সে কোন ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।


(প্রফেসর মোঃ জায়েদুর রহমান)
কলেজ পরিদর্শক,
জাতীয় বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-০৭(ঢ-)জাতীয়বিঃ/কঃপঃ/
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। উপ-রেজিস্ট্রার (শিক্ষা), জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৩। অফিস কপি।

তারিখ :

কলেজ পরিদর্শক,
জাতীয় বিশ্ববিদ্যালয়।